


<p align="center"><b>উপ-পরিচালকের কার্যালয়</b>  <b>পরিবার পরিকল্পনা, নোয়াখালী।</b></p>	
<p>চারেই না <input checked="" type="checkbox"/></p>	<p><input type="checkbox"/> জরিপ <input checked="" type="checkbox"/></p>
<p>উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়</p>	<p><input type="checkbox"/> অতি অল্প / অল্প</p>
<p>এক সত্তর বায়ান্ন এ কার্যালয়</p>	<p><input type="checkbox"/> অবহিত ককন</p>
	<p><input type="checkbox"/> শেষ ককন</p>
	<p><input checked="" type="checkbox"/> জালাপ ককন</p>
	<p><input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন</p>
	<p><input type="checkbox"/> মন্বিত ককন</p>
	<p><input type="checkbox"/> মাসিক সভায় উপস্থাপন ককন</p>

তারিখ: ২২ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

১৮৪০ পরিবার পরিকল্পনা, নোয়াখালী  
২৫/১০/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী  
(এস.এ শাখা)  
[www.noakhali.gov.bd](http://www.noakhali.gov.bd)


ভূ-সম্পত্তি জবর দখলের বিষয়ে অভিযোগ গ্রহণ এবং তদন্ত কার্যক্রম মনিটরিং এর জন্য গঠিত জেলা কমিটির আগস্ট/২০১৯  
মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : তন্ময় দাস  
জেলা প্রশাসক, নোয়াখালী  
সভার স্থান : জেলা প্রশাসক, নোয়াখালীর সম্মেলন কক্ষ  
তারিখ ও সময় : ২৬ আগস্ট ২০১৯, সকাল ১০.৩০ ঘটিকা  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। বিগত ২৮ জুলাই ২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বিবিধ ১	নোয়াখালী জেলার সকল উপজেলায় অবস্থিত সরকারী খাস জমি অবৈধভাবে দখলের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সকল উপজেলায় মৌজাভিত্তিক খাস জমির তালিকা প্রণয়নপূর্বক সরকারের নিরঙ্কুশ দখলে থাকা ও জবরদখলে থাকা জমির তথ্য এবং প্রতিমাসে খাস জমি উদ্ধার সংক্রান্ত তথ্য প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য সকল সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালীগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), (সকল), নোয়াখালী
২		সরকারী প্রতিষ্ঠানের জমি অবৈধভাবে জবর দখলের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	সকল সরকারী প্রতিষ্ঠানকে তাদের মালিকানাভুক্ত ভূমি হতে অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	রেভিনিউ ডেপুটি কালেক্টর, নোয়াখালী
৩		বেগমগঞ্জ উপজেলাধীন মানিক্যানগর ইউনিয়ন ভূমি অফিসের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ বন্ধ বলে উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	বেগমগঞ্জ উপজেলাধীন মানিক্যানগর ইউনিয়ন ভূমি অফিসের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ বন্ধের বিষয়ে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
৪		নোয়াখালী জেলার জলাবদ্ধতা নিরসনকল্পে সদর উপজেলাধীন ছাগলমারা খাল এবং সোনাপুর জিরো পয়েন্টে অবৈধ দখলদার উচ্ছেদের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বিলুপ্ত প্রায় ছাগলমারা খালের উপর অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং সোনাপুর জিরো পয়েন্টে ৫০ বছরেরও অধিক সময় ধরে অবস্থান করা অবৈধ দখলদারদের উচ্ছেদের মাধ্যমে জলাবদ্ধতা দূরীকরণে অবদান রাখায় সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সদর, নোয়াখালীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



তন্ময় দাস  
জেলা প্রশাসক  
নোয়াখালী

ফোন নং: ০৩২১-৬১০২১ ফ্যাক্স-৬১০৬২  
e-mail: dcnoakhali@mopa.gov.bd